# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

**(Residential Autonomous College affiliated to University of Calcutta)**

**B.A./B.Sc. FIFTH SEMESTER EXAMINATION, MARCH 2021**
**THIRD YEAR [BATCH 2018-21]**
**BENGALI (HONOURS)**
**Paper : VI**

Date : 13/03/2021
Time : 11.00 am - 3.00 pm
Full Marks : 100

১। শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের 'অভাগীর স্বর্গ' গল্পে ভারতীয় বর্ণ-ব্যবস্থার শোষণের যে প্রত্যক্ষ ও পরোক্ষ ছবি ফুটে উঠেছে, তার স্বরূপ বিশ্লেষণ করো।

<u>অথবা</u>, (১৪)

সতীনাথ ভাদুড়ীর 'চরণদাস এম এল এ' যেন আজকের ভারতবর্ষেরও গল্প — এ প্রসঙ্গে তোমার মতামত জানাও।

২। দেশভাগ নিয়ে সাদাত হাসান মান্টোর অবস্থান তাঁর 'টোবাটেক সিং' গল্প অবলম্বনে বুঝিয়ে দাও।

<u>অথবা</u>, (১২)

হরিপদ দত্তের 'একটি পুরাতন উর্দি' গল্পে সাম্রাজ্যবাদী শক্তির বিরুদ্ধে লেখকের যে কণ্ঠস্বর পাই, তার স্বরূপ বিশ্লেষণ করো।

৩। তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের 'কবি' উপন্যাসে নিতাইচরণের কবিয়াল হয়ে ওঠার পথে বসন্ত চরিত্রের গুরুত্ব বিশ্লেষণ করো।

<u>অথবা</u>, (১২)

লোকজীবনের যে ছবি ফুটে উঠেছে তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের 'কবি' উপন্যাসে, আখ্যানে তার গুরুত্ব নির্ণয় করো।

৪। 'পথের পাঁচালী' উপন্যাসে পথ-এর ভূমিকা কীভাবে উপন্যাসের নামকরণকে তাৎপর্যমণ্ডিত করেছে তা আলোচনা করো।

<u>অথবা,</u> (১২)

'পথের পাঁচালী' উপন্যাসে তিন নারীর ভূমিকা উল্লেখ করো।

৫। 'পুতুলনাচের ইতিকথা' উপন্যাসে মানিক বন্দ্যোপাধ্যায় সময়ের পরিবর্তনের ছবি কীভাবে তুলে ধরেছেন ব্যাখ্যা করো।

<u>অথবা,</u> (১২)

নারী-পুরুষ সম্পর্কের দ্বন্দ্বের যে দিকগুলি 'পুতুলনাচের ইতিকথা' উপন্যাসে প্রকাশ পেয়েছে তার ব্যাখ্যা দাও।

৬। ভূতের গল্পের বৈশিষ্ট্য সংক্ষেপে উল্লেখ করে ভৌতিক গল্প হিসেবে 'হলুদপোড়া'-র সার্থকতা নিয়ে আলোচনা করো।

<u>অথবা</u>, (১২)

সত্যজিৎ রায়ের ফেলুদা-কাহিনির স্বাতন্ত্র্য ও বৈশিষ্ট্য 'কৈলাসে কেলেঙ্কারি' উপন্যাসটির সূত্রে আলোচনা করো।

৭। রূপকথার বৈশিষ্ট্য কী? দক্ষিণারঞ্জন মিত্র মজুমদারের 'দেড় আঙুলে' কাহিনিটি রূপকথার প্রচ্ছদে কী বার্তা দিতে চেয়েছে ?

<u>অথবা</u>, (১২)

বাংলা কমিকস্ রচনায় নারায়ণ দেবনাথের কৃতিত্ব ও গুরুত্ব তাঁর 'নন্টে-ফন্টে' সিরিজটির সূত্রে বিবৃত করো।

## বিভাগ - খ

সঠিক উত্তরটি নির্বাচন করে উত্তরপত্রে লেখো ঃ (১ × ১৪)

১। নিম্নরেখ পদগুলির কারক-বিভক্তি নির্ণয় করো ঃ-

(ক) সে অন্ধকারকে ভয় পায়।

অ) কর্ম কারকে 'কে' বিভক্তি। আ) করণ কারকে 'কে' বিভক্তি।
ই) অপাদান কারকে 'কে' বিভক্তি। ঈ) অধিকরণ কারকে 'কে' বিভক্তি।

(খ) মেয়েরা পুতুল খেলে।

অ) কর্ম কারকে 'শূন্য' বিভক্তি। আ) করণ কারকে 'শূন্য' বিভক্তি।
ই) অপাদান কারকে 'শূন্য' বিভক্তি। ঈ) অধিকরণ কারকে 'শূন্য' বিভক্তি।

(গ) তিলে তেল হয়।

অ) কর্ম কারকে 'এ' বিভক্তি। আ) করণ কারকে 'এ' বিভক্তি।
ই) নিমিত্ত কারকে 'এ' বিভক্তি। ঈ) অপাদান কারকে 'এ' বিভক্তি।

(ঘ) লাঠিতে মেরো না।

অ) কর্তৃ কারকে 'তে' বিভক্তি। আ) কর্ম কারকে 'তে' বিভক্তি।
ই) করণ কারকে 'তে' বিভক্তি। ঈ) অধিকরণ কারকে 'তে' বিভক্তি।

(ঙ) বাংলার মুখ আমি দেখিয়াছি

অ) কর্ম কারকে 'র' বিভক্তি। আ) করণ কারকে 'র' বিভক্তি।
ই) সম্বন্ধ পদে 'র' বিভক্তি। ঈ) সম্বোধন পদে 'র' বিভক্তি।

(চ) মহাশয়, জল দিয়া আমার প্রাণ রক্ষা করুন।

অ) কর্তৃ কারকে 'শূন্য' বিভক্তি। আ) কর্ম কারকে 'শূন্য' বিভক্তি।
ই) সম্বন্ধ পদে 'শূন্য' বিভক্তি। ঈ) সম্বোধন পদে 'শূন্য' বিভক্তি।

(ছ) বিপদে মোরে রক্ষা কর।

অ) কর্ম কারকে 'এ' বিভক্তি। আ) করণ কারকে 'এ' বিভক্তি।
ই) অপাদান কারকে 'এ' বিভক্তি। ঈ) অধিকরণ কারকে 'এ' বিভক্তি।

২। ব্যাসবাক্য সহ সমাস নির্ণয় করো ঃ-

(ক) অরিন্দম —

অ) অরিকে দমন (কর্ম তৎপুরুষ) আ) অরি দ্বারা দমন (করণ তৎপুরুষ)
ই) অরি হইতে দমন (অপাদান তৎপুরুষ) ঈ) অরিকে দমন করে যে (উপপদ তৎপুরুষ)

(খ) পঞ্চবটী —

অ) পঞ্চ বট যাহার (বহুব্রীহি) আ) পঞ্চ বটের সমাহার (দ্বিগু)
ই) পঞ্চ যে বট (কর্মধারয়) ঈ) পঞ্চের জন্য বট (নিমিত্ত তৎপুরুষ)

(গ) নির্লজ্জ —

অ) নয় লজ্জা (নঞ্ তৎপুরুষ) আ) নাই লজ্জা যাহার (নঞ্ বহুব্রীহি)
ই) লজ্জার অভাব (উপসর্গ তৎপুরুষ) ঈ) লজ্জা দ্বারা হীন (করণ তৎপুরুষ)

(ঘ) নীলাকাশ —

অ) নীলের ন্যায় আকাশ (উপমান কর্মধারয়) আ) নীল আকাশ যাহার (বহুব্রীহি)
ই) নীল যে আকাশ (কর্মধারয়) ঈ) নীল আকাশের ন্যায় (উপমিত কর্মধারয়)

(ঙ) বিদ্যাহীন —

অ) বিদ্যা নাই যাহার (নঞ্ বহুব্রীহি) আ) বিদ্যা হইতে হীন (অপাদান তৎপুরুষ)
ই) বিদ্যাতে হীন (অধিকরণ তৎপুরুষ) ঈ) বিদ্যা দ্বারা হীন (করণ তৎপুরুষ)

(চ) দেশান্তর —

অ) দেশের অন্তর (সম্বন্ধ তৎপুরুষ) আ) দেশ হইতে অন্তর (অপাদান তৎপুরুষ)
ই) অন্য দেশ (নিত্য সমাস) ঈ) দেশ অন্তর যাহার (বহুব্রীহি)

(ছ) রাজপথ —

অ) রাজার পথ (সম্বন্ধ তৎপুরুষ)

আ) পথের রাজা (সম্বন্ধ তৎপুরুষ)

ই) রাজার ন্যায় পথ (উপমান কর্মধারয়)

ঈ) রাজার গমনের পথ (মধ্যপদলোপী কর্মধারয়)

———— × ————